**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**14 July 2025** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যের মুখ্যসচিব ডক্টর রবি কোটা গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে কাছাড় জেলার চার লেনের শিলচর-ভাইরেংটি করিডর, পাঁচগ্রাম পর্য্যন্ত চার লেনের বাইপাস, কেপিটেল থেকে রাঙ্গিরখাড়ি পর্য্যন্ত সড়ক সহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি সর্ম্পকে অবগত হয়েছেন । মূখ্যসচিব জেলার বিভিন্ন পরিকাঠামো প্রকল্পের কাজ পরিদর্শন করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পূর্ন করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন । পরিদর্শনকালে মূখ্যসচিব ডক্টর কোটা সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান -------

**বাইট**

---

এদিকে রাজ্যের মূখ্য সচিব ডক্টর কোটা গতকাল সকালে হাইলাকান্দি জেলায় নির্মিয়মান কয়েকটি প্রকল্প সরোজমিনে পরিদর্শন করেন । মূখ্য সচিব ডক্টর কোটা হাইলাকান্দি শহরে ১২ কোটী ৭৬ লক্ষ টাকা ব্যায়ে নির্মিয়মান হাইলাকান্দি আর্বত ভবনের নির্মান কাজ , ৭ কোটী ৬৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিয়মান হাইলাকান্দি সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের কাজ এবং ২০ কোটী টাকা ব্যয়ে নির্মিয়মান সিভিল

হাসপাতালের নতুন ভবন নির্মানের কাজ খতিয়ে দেখে সন্তোষ প্রকাশ করেন ।সিভিল হাসপাতাল পরিদর্শনকালে মূখ্য সচিব ডক্টর কোটা নিয়মিত রক্তদান শিবির আয়োজন করতে পরামর্শ দেন এবং ঔষধ গুদাম পরিদর্শনকালে ঔষধের এক্সপায়ারি ডেট স্বয়ংক্রিয়ভাবে আলাদা করার উপর সফট ওয়ার ডি ভি ডি এম এস-এর ব্যবহার সুনিশ্চিত করতে নির্দেশ দেন ।

---

সেনাবহিনীর আক্রমণের ফলে গতকাল মায়ান্মারে থাকা আলফা স্বাধীন শিবিরের সংগঠনটির তিনজন সদস্য নিহত হয়েছে । সেনা বাহিনী মায়ান্মারের সেনা বাহিনীর সহযোগীতায় সংগঠনটির শিবিরে আক্রমণ চালায় বলে জানানো হয়েছে । এই আক্রমণে নয়ন অসম , গণেশ অসম এবং প্রদীপ অসম নামের আলফা সদস্যদের মৃত্যু হয়েছে বলে সংগঠন জানিয়েছে । এদিকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা  এই ঘটনা সম্পর্কে প্রতিক্রিয়া ব্যাক্ত করে এই আক্রমণের সঙ্গে আসাম পুলিশ জড়িত নয় বলে স্পষ্ট করে দিয়েছেন । সেইসঙ্গে তিনি আসামের পক্ষ থেকে এই আক্রমণ হয় নি এবং সেনা বাহিনীর পক্ষ থেকেও এধরণের আক্রমণের কোনো তথ্য এপর্যন্ত পাওয়া যায় নি বলে উল্লেখ করেছেন ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামী পাঁচ দিন আসাম সহ উত্তর-পূর্বের রাজ্যগুলিতে মাঝারী থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে । বিজ্ঞপ্তীতে আরো জানানো হয়েছে যে মেঘালয়ের কয়েকটি স্থানে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে ।

---

রাষ্ট্রীয় হিন্দু ফ্রন্টের হাইলাকান্দি শাখার নতুন জেলা কমিটি গঠিত হয়েছে । গতকাল হাইলাকান্দি কালীবাড়ী রোডে আয়োজিত এক সভায়  নবজিৎ গুপ্তকে সভাপতি , অভ্রাংশু কুমার চৌধুরীকে সম্পাদক মনোনীত করে ২১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়েছে ।

ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি শিলচর শাখার পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে এ এন এম নার্সিং প্রশিক্ষণের জন্য ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে আবেদন পত্র চাওয়া হয়েছে । আবেদনপত্র আজ থেকে ১৯ শে জুলাই পর্যন্ত জমা দেওয়া যাবে । প্রতিদিন সকাল ১১ টা থেকে বিকেল তিনটে পর্যন্ত রেডক্রস কার্যালয় থেকে ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে । প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৪০ শতাংশ নম্বর সহ উচ্চ মাধ্যমিক পরীক্ষা উত্তীর্ণ এবং বয়স ১৭ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে । বিশদ বিবরণ রেড ক্রস কার্যালয়ে পাওয়া যাচ্ছে ।

---

লায়ন্স ক্লাব অফ ভ্যালী ভিউ-এর উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী সংগঠন ইয়াসির সহযোগীতায় আজ সোনাবাড়ী ঘাটের ২১৯ নম্বর দক্ষিন কৃষ্ণপুর প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

অসম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার ব্যবস্থাপনায় আয়োজিত গ্রীষ্মকালীন ক্রিকেট প্রশিক্ষন শিবির গতকাল থেকে জেলা ক্রিড়া সংস্থার মাঠে শুরু হয়েছে । জেলা ক্রীড়া সংস্থার সচিব শৈবাল সেনগুপ্ত এই শিবিরের আয়োজন করেন এবং শিবিরে প্রায় দুশ জন

ক্ষুদে ক্রিকেটার অংশ নিচ্ছে । শিবির পরিচালনা করবেন আল আমিন মজুমদার ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় রেইনবো ক্লাব খেলবে নেইথাং এফ সি দলের বিরুদ্ধে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় আর ইউ বি ৩-২ গোলে মার ব্রাদার্স দলকে পরাজিত করে ।

---